মেহেরপুরের পুরাতন মদনাডাঙ্গায় কামরুল হাসানের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের পুরাতন মদনাডাঙ্গা গ্রামে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

গণসংযোগ কর্মসূচিতে অ্যাডভোকেট কামরুল হাসান বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবিনামা সম্বলিত লিফলেট স্থানীয় জনগণের হাতে বিতরণ করেন এবং গ্রামবাসীর সঙ্গে মতবিনিময় করেন।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সদস্য সাবেক পিপি আবু সালেহ নাসিম, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক ফায়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত খান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের নেতাকর্মী ও সহযোগী অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

গণসংযোগ শেষে নেতৃবৃন্দ আগামী জাতীয় সংসদ নির্বাচনে “ধানের শীষ” প্রতীকের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

মেহেরপুর-১ আসনে এবি পার্টির মনোনয়ন পেলেন রফিক

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর – ১ আসনে এবি পার্টির ঈগল প্রতীকের প্রার্থী হিসেবে মনোনয়ন পেলেন মো:রফিকুজ্জামান রফিক।

গতকাল বৃহস্পতিবার রাজধানীতে এবি পার্টির কার্যালয়ে মনোনয়ন

প্রত্যাশীদের মতবিনিময় শেষে মেহেরপুর-১ আসনসহ ৩০টি আসনে মনোনয়ন চুড়ান্ত করা হয় এবং তালিকা প্রকাশ করা হয়।

মনোনয়ন প্রাপ্ত রফিকুজ্জামান মেহেরপুর শহরের বেড়পাড়ার প্রয়াত আব্দুল হান্নান মাস্টারের ছেলে।

মুজিবনগরে ধানের শীষের ভোট চেয়ে মাসুদ অরুণের গণসংযোগ

মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী, বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ ও পথসভা করেছেন।

বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে গণসংযোগের উদ্দেশ্যে মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের পুরন্দরপুর বাজারে পৌঁছালে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির নেতাকর্মীরা তাকে ফুলেল শুভেচ্ছা ও সংবর্ধনা জানান।

পরে তিনি দারিয়াপুর ইউনিয়নের পুরন্দরপুর, গোপীনাথপুর, গৌরীনগর ও মহিষনগর গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ ও পথসভা করেন।

গণসংযোগকালে দারিয়াপুর ইউনিয়নের গ্রামবাসীসহ নারী-পুরুষ, শিশু ও সাধারণ মানুষ মাসুদ অরুণকে একনজর দেখার জন্য রাস্তার দুই ধারে ভিড় জমায়।

এ সময় মাসুদ অরুণ মা-বোনসহ সকল শ্রেণি-পেশার মানুষকে আহ্বান জানান আগামী জাতীয় নির্বাচনে ধানের শীষে ভোট দিয়ে বিএনপিকে রাষ্ট্রীয় ক্ষমতায় এনে সাধারণ মানুষের জীবনমান উন্নয়ন, খেটে খাওয়া মানুষের পাশে দাঁড়ানো এবং দেশকে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সমৃদ্ধ বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে সহযোগিতা করার জন্য।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক

সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজি, মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি আবুল হাসান, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আজিমদ্দীন গাজী, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক জুলফিকার আলী ভুট্টুসহ দারিয়াপুর ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রামের বিএনপি নেতাকর্মী এবং মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের অসংখ্য নেতাকর্মী।

গাংনীতে মহিলা জামায়াত নেত্রীদের ওপর হামলার অভিযোগ, আহত ২

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের মানিকদিয়া বড় মসজিদপাড়া এলাকায় মহিলা জামায়াত নেত্রীদের ওপর হামলার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতার অনুসারীদের বিরুদ্ধে।

গতকাল বুধবার (১৫ অক্টোবর) সকাল ১০টার দিকে দাওয়াতি কার্যক্রম চলাকালে এ ঘটনা ঘটে। এতে মহিলা জামায়াতের দুই সদস্যা আহত হয়েছেন।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা যায়, সকালে মহিলা জামায়াতের কয়েকজন নেত্রী এলাকায় দাওয়াতি কার্যক্রমে অংশ নিচ্ছিলেন। এ সময় স্থানীয় বিএনপি নেতা হাফিজুর রহমান (আসাদুল ইসলামের ছেলে) ও আমতৈল গ্রামের মৃত সাত্তারের ছেলে বিল চান্দ তাদের ওপর অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং হাতে থাকা বাঁশের কঞ্চি দিয়ে আঘাত করেন। এতে হালিমা খাতুন ও জাহিরুন্নেছা নামে দুইজন মহিলা জামায়াত নেত্রী আহত হন। আহতদের স্থানীয়ভাবে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

আহত হালিমা খাতুন জানান, “আজ আমাকে আঘাত করা হয়েছে, তবে দুই দিন আগেও ইউনিয়ন চেয়ারম্যান মনিরুজ্জামান মনি নিজে আমাকে গালিগালাজ করে দেখে নেওয়ার হুমকি দেন। তিনি আমাদের দাওয়াতি কাজ বন্ধেরও নির্দেশ দেন।”

ঘটনার সময় উপস্থিত ইউনিয়ন জামায়াতের তদারককারী রমেলা খাতুন বলেন, “আমরা রাস্তা দিয়ে হাঁটছিলাম। হঠাৎ দুই মোটরসাইকেল আরোহী এসে আমাদের গালিগালাজ শুরু করে এবং বাঁশের কঞ্চি দিয়ে আঘাত করে। এতে আমাদের দুইজন সদস্যা আহত হয়।”

অভিযোগের বিষয়ে ষোলটাকা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা মনিরুজ্জামান মনি বলেন, “ঘটনার বিষয়ে আমি কিছুই জানতাম না। এলাকায় গোলমাল হয়েছে শুনে সেখানে গিয়েছিলাম। আমার বিরুদ্ধে মিথ্যা প্রচার করা হচ্ছে। কেউ আমার নাম ব্যবহার করে কিছু করলে আমার করার কিছু নেই। পরে আমি মহিলা নেত্রীদের কাছে দুঃখ প্রকাশ করেছি এবং যারা এ কাজ করেছে তাদের বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে।”

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, “খবর পাওয়ার পর হেমায়েতপুর ক্যাম্পের ইনচার্জকে ঘটনাস্থলে পাঠানো হয়েছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

সড়ক দুর্ঘটনায় নিহত সাইফুল ইসলামের স্মরণে মেহেরপুরে দোয়া মাহফিল

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ৭ নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি সাইফুল ইসলাম মহাজনের স্মরণে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

৭ নং ওয়ার্ড বিএনপি’র আয়োজনে গতকাল বুধবার বিকেলে মেহেরপুর শহরের পুলিশ লাইন পাড়ায় এই স্মরণসভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দোয়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন, পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

এছাড়াও এসময় বিএনপি নেতা মনিরুল ইসলাম মনি, হাবিব ইকবাল, আব্দুস সাত্তার মুক্তাসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

শেষে মরহুমের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া পরিচালনা করা হয়।

আলমডাঙ্গায় বিএনপি নেতাকর্মীসহ ৪ শতাধিক জনের জামায়াতে যোগদান

আলমডাঙ্গা উপজেলার বিএনপিসহ বিভিন্ন দলের ৪ শতাধিক নেতাকর্মী জামায়াতে ইসলামীতে যোগ দিয়েছেন। গতকাল বুধবার আলমডাঙ্গা উপজেলার বেলগাছি মাধ্যমিক বিদ্যালয় মাঠে আয়োজিত এক নির্বাচনী সভা ও যোগদান অনুষ্ঠানে তারা আনুষ্ঠানিকভাবে জামায়াতে যোগ করেন। অনুষ্ঠানে ফুলের মালা পরিয়ে নবাগতদের বরণ করে নেন জামায়াত নেতারা।

বেলগাছি ইউনিয়ন বিএনপি’র সহ-সভাপতি জাহিদুল ইসলাম সলকসহ বিএনপি ও বিভিন্ন দলেন প্রায় চার শতাধিক নেতাকর্মী এ অনুষ্ঠানে জামায়াতের জেলা আমীর রুহুল আমিনের হাতে হাত রেখে শপথ নেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর রুহুল আমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা সেক্রেটারি আসাদুজ্জামান আসাদ, সহকারী সেক্রেটারি মাসুদ পারভেজ রাসেল এবং আলমডাঙ্গা উপজেলা জামায়াতের আমীর প্রভাষক শফিউল আলম বকুল। সভাপতিত্ব করেন বেলগাছি ইউনিয়ন জামায়াতের সভাপতি আমান উদ্দিন।

জামায়াত নেতারা অনুষ্ঠানে বলেন, বিএনপি’র ব্যর্থ রাজনীতিতে হতাশ হয়ে জনগণের কল্যাণে কাজ করার লক্ষ্যেই অনেকে জামায়াতে ইসলামীতে যোগ দিচ্ছেন। তারা নতুনদের সক্রিয়ভাবে সংগঠনকে শক্তিশালী করার আহ্বান জানান।

এ বিষয়ে আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন মুঠোফোনে মেহেরপুর প্রতিদিন কে বলেন, “আমাদের কোনো নেতাকর্মী জামায়াতে যোগ করেনি। যারা যোগ দিয়েছে তারা আওয়ামী লীগের কর্মী ও সাধারণ জামায়াত ভোটার। এছাড়াও বিভিন্ন ইউনিয়ন

থেকে লোক এনে শো আয়োজন করা হয়েছে।”

তিনি আরও বলেন, “বেলগাছি ইউনিয়ন বিএনপি’র সাবেক সহ-সভাপতি জাহিদুল ইসলাম সলককে ১১ অক্টোবর শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে দল থেকে বহিষ্কার করা হয়েছে।”

এবিষয়ে যোগাযোগের চেষ্টা করা হলেও চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর রুহুল আমিনের ফোন রিসিভ করা সম্ভব হয়নি। আলমডাঙ্গা উপজেলা জামায়াতের সেক্রেটারি মামুন রেজা জানান, বিএনপি ও সহযোগী সংগঠন থেকে চার শতাধিক ব্যক্তি জামায়াতে ইসলামীতে যোগ দিয়েছেন।

মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল মেহেরপুর পৌর শাখার ২ নম্বর ওয়ার্ডে এক কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৪টার দিকে মেহেরপুর পৌর এলাকার ২ নম্বর ওয়ার্ডে ২ নম্বর ওয়ার্ড বিএনপি’র আয়োজনে এ কর্মীসভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ২ নম্বর ওয়ার্ড বিএনপি’র সভাপতি শামসুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপ’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

২ নম্বর ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক ইমন বিশ্বাসের সঞ্চালনায় কর্মীসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা এবং সাবেক মহিলা বিষয়ক সম্পাদক নাজমুন নাহার রিনা।

এছাড়াও উপস্থিত ছিলেন, আমদহ ইউনিয়নের মহিলা বিষয়ক সম্পাদক রাকিবা খাতুন রাখী, মহিলা দলের নেত্রী নবীনা খাতুন, পলি খাতুনসহ স্থানীয় নারী নেতৃবৃন্দ।

কর্মীসভায় বক্তারা বলেন, দলের তৃণমূলকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করতে প্রত্যেক ওয়ার্ডে নারী কর্মীদের সম্পৃক্ততা বাড়াতে হবে। আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তারা।

আলমডাঙ্গা কুমারী ইউনিয়নে শরিফুজ্জামান শরিফের গণসংযোগ ও পথসভা

আলমডাঙ্গা উপজেলা কুমারী ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণসংযোগ ও পথসভা করলেন শরিফুজ্জামান শরিফ।

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ধানের শীষের বার্তা আলমডাঙ্গা উপজেলার সকল গ্রামের মানুষের মাঝে পৌঁছে দিতে জনসংযোগ ও পথসভা করে চলেছেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা ১ আসনের মনোনয়ন প্রত্যাশী শরিফুজ্জামান শরিফ। তারই অংশ হিসেবে আলমডাঙ্গা উপজেলা কুমারী ইউনিয়নে সকল গ্রামে গতকাল পথসভা ও জনসংযোগ করেন।

পথসভাকালে তিনি বলেন ধানের শীষ প্রতীকে আমরা ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে চাই। বাংলার মাটি থেকে দূর্ণীতিমুক্ত রাষ্ট্র গঠন করতে হলে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শ বাংলার বুকে প্রতিষ্ঠা করতে হবে। জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের হাত শক্তিশালী করতে হলে আমাদের সকল ভেদাভেদ ভূলে এক হয়ে চুয়াডাঙ্গা-১ আসন থেকে ধানের শীষ প্রতীক কে বিজয়ী করতে হবে।

গণসংযোগ ও পথসভায় তার সঙ্গে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহসভাপতি আখতার হোসেন জোয়ার্দার, সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক মাহাবুল হক মাস্টার, সাংগঠনিক সম্পাদক খন্দকার কাজী সাচ্চু, জেলা জাসাসের সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম,

উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক মীর উজ্জ্বল, সদস্যসচিব রফিকুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক চৌধুরী আলম বাবু, পৌর যুবদলের আহ্বায়ক নাজিম উদ্দীন মোল্লা, সদস্য সচিব সাইফুল আলম কনক, যুগ্ম আহ্বায়ক আব্দুল কাদের, সাবেক ছাত্রনেতা হাসিবুল ইসলাম, পৌর ছাত্রদলের সদস্যসচিব তন্ময় আহমেদ, পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব জাকারিয়া হোসেন শান্ত।

এসময় আরও উপস্থি ছিলেন, আলমডাঙ্গা পৌর ৩নং ওয়ার্ড বিএনপির সভাপতি মনসুর আলী, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, ৬নং ওয়ার্ডের সভাপতি জাহাঙ্গীর আলম, সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম, ২নং ওয়ার্ডের সভাপতি তানভীর আহমেদ হাসিব ও সাধারণ সম্পাদক আব্দুল খালেক প্রমুখ।

গাংনীতে নিজেদের মধ্যে দূরত্ব কমাতে বিএনপি মহাসচিবের নির্দে শ

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপি’র জয় নিশ্চিত করতে এবং দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের নির্দেশনা বাস্তবায়নে নিজেদের মধ্যে দূরত্ব কমিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশনা দিয়েছেন বিএনপি’র মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীর।

গতকাল সোমবার সন্ধ্যায় বিএনপি’র গুলশান কাযর্যালয়ে মেহেরপুর-২ (গাংনী) আসনের মনোনয়ন প্রত্যাশী দুই নেতাকে এ নির্দেশনা দিয়েছেন বলে নির্ভরযোগ্য সূত্র থেকে জানা গেছে।

বিএনপি’র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ডাকে দলীয় কার্যালয়ে আসন ভিত্তিক বৈঠকে উপস্থিত ছিলেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। উপস্থিত দু’জনের মধ্যে আমজাদ হোসেন মেহেরপুর প্রতিদিনকে এ তথ্য নিশ্চিত করেছেন।

সাবেক এমপি আমজাদ হোসেন বলেন, দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর নিজেদের মধ্যে দূরত্ব কমিয়ে একসাথে কাজ করার মানসিকতা তৈরি করতে বলেছেন। যাতে মনোনয়ন পাওয়ার পর একসাথে যেন সকলেই সম্মিলিতভাবে কাজ করতে পারে। দলীয় বিভেদ কোন্দল ভুলে গিয়ে ঐক্যদ্ধভাবে দলীয় সকল কর্মসূচী পালন করতে মহাসচিব নির্দেশনা দিয়েছেন। মহাসচিব বলেছেন, কেউ কারো বিরুদ্ধে যেন বিষেদামূলক কোন কথা না বলেন। দল যাকে মনোনয়ন দেবে সকলেই যাতে তাঁর হয়ে নির্বাচনী মাঠে কাজ করতে পারে এবং দলীয় বিজয় নিশ্চিত করতে পারেন।

মেহেরপুরে জামায়াতের এমপি প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের রুদ্রনগর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেল ৫টার দিকে রুদ্রনগর গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী তাজউদ্দিন খান।

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, রাজনৈতিক সেক্রেটারি কাজি রুহুল আমিন, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, কুতুবপুর ইউনিয়নের তদারককারী জাবেরুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইন, রুদ্রনগর ওয়ার্ড সভাপতি শেরেকুল ইসলাম প্রমুখ।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা